তারিখ 24 NOV 1985
পৃষ্ঠা ... 2 ... কলাম 6 ...

# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ঃ

## ১ম বর্ষ স্নাতক অনার্স কোর্সে

# ভর্তির বিজ্ঞপ্তি

# শিক্ষাবর্ষ ১৯৮৫-৮৬

তারিখঃ ১৯/১১/১৯৮৫ ইং

অত্র বিশ্ববিদ্যালয়ের কলা, সমাজ বিজ্ঞান, বিজ্ঞান ও বাণিজ্য অনুষদের অন্তর্গত তিন বৎসর মেয়াদী অনার্স (বাৎসরিক পরীক্ষা পদ্ধতি) কোর্সের ১ম বর্ষ কোর্সে নিম্নলিখিত বিষয় সমূহে নিম্ন বর্ণিত শর্তে ছাত্র/ছাত্রী ভর্তি করিবার জন্য নির্ধারিত ফরমে আগামী ১৯শে ডিসেম্বর, ১৯৮৫ ইং তারিখ পর্যন্ত আবেদনপত্র গ্রহণ করা হইবে।

| অনুষদের নাম | অনার্স বিষয় সমূহের নাম |
|---|---|
| (ক) কলা অনুষদ | : বাংলা, ইংরেজী, ইতিহাস, ইস ইতিহাস ও সংস্কৃতি, দর্শন, চারুকলা, আরবী, পালি ও সংস্কৃত। |
| (খ) সমাজ বিজ্ঞান অনুষদ | : অর্থনীতি, রাজনীতি বিজ্ঞান, সমাজতত্ত্ব ও লোক প্রশাসন। |
| গ) বিজ্ঞান অনুষদ | : পদার্থ বিজ্ঞান, রসায়ন, গণিত, পরিসংখ্যান, প্রাণিবিদ্যা, উদ্ভিদ বিজ্ঞান, সমুদ্র বিজ্ঞান ও বন বিজ্ঞান। |
| (ঘ) বাণিজ্য অনুষদ | : হিসাব বিজ্ঞান ও ব্যবস্থাপনা। |

১। ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করিবার ন্যূনতম শিক্ষাগত যোগ্যতাঃ

(ক) যে সকল ছাত্র/ছাত্রী ১৯৮৪ বা ১৯৮৫ সালের উচ্চ মাধ্যমিক বা ইহার অনুমোদিত সমতুল্য পরীক্ষায় উত্তীর্ণ হইয়াছে এবং মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বা ইহার অনুমোদিত সমতুল্য পরীক্ষায় কমপক্ষে ৪ (চার) পয়েন্ট পাইয়াছে (১ম বিভাগের মান—৩ পয়েন্ট, ২য় বিভাগের মান—২ পয়েন্ট এবং ৩য় বিভাগের মান—১ পয়েন্ট হিসাবে গণ্য করা হইবে) এবং ভর্তি ইচ্ছুক অনার্স বিষয়ে বা ইহার অনুমোদিত সম্পর্কিত বিষয়ে এইচ, এস, সি, পরীক্ষায় বা ইহার অনুমোদিত সমতুল্য পরীক্ষায় উত্তীর্ণ হইয়াছে. কেবল তাহারাই ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করিবার জন্য নির্ধারিত আবেদনপত্র প্রয়োজনীয় দলিলপত্রাদিসহ উল্লেখিত সময়-সীমার মধ্যে সংশ্লিষ্ট বিভাগীয় চেয়ারম্যানের দপ্তরে জমা দিতে পারিবে।

তবে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় ৩য় বিভাগে উত্তীর্ণ ছাত্র/ছাত্রীরা গ্রেস ছাড়া মোট ৪০০ নম্বর পাইলে এবং মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষা পাশের বিভাগে উক্ত নিয়মানুযায়ী ৪ (চার) পয়েন্ট থাকিলে, তাহারাও ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করিবার জন্য নির্ধারিত আবেদনপত্র যথাসময়ে পেশ করিতে পারিবে।

(খ) অর্থনীতি, পরিসংখ্যান, সমুদ্র বিজ্ঞান, আরবী পালি সংস্কৃত ও চারুকলা অনার্স বিষয়ে ভর্তির শিক্ষাগত যোগ্যতা আলাদাভাবে ধার্য করা হইয়াছে, যাহা সংশ্লিষ্ট বিভাগীয় চেয়ারম্যান/পরিচালকের নিকট হইতে সংগ্রহ করা যাইবে।

(গ) ৪ (চার) বৎসর মেয়াদী বি. এস, সি ফরেস্ট্রি অনার্স কোর্সের ১ম বর্ষ অনার্স কোর্সে ভর্তির শিক্ষাগত যোগ্যতাঃ



তারিখ 24 NOV 1985
পৃষ্ঠা ... ... কলাম ...

যে [illegible] ছাত্র/ছাত্রী ১৯৮৪ বা ১৯৮৫ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষা[illegible]ান গ্রুপ হইতে বা ইহার অনুমোদিত সমতুল্য পরীক্ষায় উত্তীর্ণ হইয়াছে এবং মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষার যে কোন একটি পরীক্ষা ১ম বিভাগে এবং অপরটি শতকরা ৫৫ নম্বর এগ্রিগেট পাইয়া ২য় বিভাগে উত্তীর্ণ হইয়াছে এবং উচ্চ মাধ্যমিক পরীক্ষায় চতুর্থ বিষয় হিসাবে জীব বিজ্ঞান অথবা গণিত বিষয়ে কমপক্ষে শতকরা ৪৫ নম্বর পাইয়াছে কেবল তাহাদিগকেই ভর্তি পরীক্ষা পাশ সাপেক্ষে ভর্তির জন্য যোগ্য বলিয়া গণ্য করা হইবে।

(ঘ) উপ-জাতীয় ছাত্র/ছাত্রী হিসাবে ভর্তি করিবার জন্য প্রত্যেক বিভাগে দুইটি করিয়া আসন সংরক্ষিত রাখা হইয়াছে এবং এই সমস্ত সংরক্ষিত আসনে উপ-জাতীয় ছাত্র/ছাত্রী ভর্তি করিবার ব্যাপারে ভর্তির শিক্ষাগত যোগ্যতাও শিথিল করা হইয়াছে। ইহা সংশ্লিষ্ট বিভাগীয় চেয়ারম্যানের দপ্তর হইতে সংগ্রহ করা যাইবে।

২। ভর্তি পরীক্ষার আবেদনপত্র ও সময় সূচী সংগ্রহ সম্পর্কিতঃ

(ক) ভর্তির শিক্ষাগত যোগ্যতার গ্রহণযোগ্য দলিলপত্র প্রদর্শন করিয়া ভর্তি পরীক্ষার নির্ধারিত আবেদনপত্র ইহার মূল্য হিসাবে ১০/০০ (দশ) টাকা নগদ প্রদান সাপেক্ষে সংশ্লিষ্ট বিভাগীয় চেয়ারম্যানের দপ্তর হইতে সংগ্রহ করা যাইবে।

(খ) লিখিত ও মৌখিক ভর্তি পরীক্ষার তারিখ ও সময় ছাত্র/ছাত্রীদিগকে নিজ দায়িত্বে সংশ্লিষ্ট বিভাগীয় চেয়ারম্যানের দপ্তর হইতে সংগ্রহ করিতে হইবে। ভর্তি সংক্রান্ত ব্যাপারে চিঠির মারফত কাহাকেও কোন কিছু জানানো হইবে না।

৩। ভর্তির সময়সূচীঃ

| | |
|---|---|
| (ক) ভর্তি শুরু করিবার তারিখ | ২৩/০২/৮৬ ইং |
| (খ) ক্লাশ শুরু করিবার তারিখ | ১৬/০৩/৮৬ ইং |
| (গ) বিলম্ব ফিস ছাড়া ভর্তি ফিস জমা দেওয়ার শেষ তারিখ | ২৩/০৩/৮৬ ইং (বেলা ১ টার মধ্যে) |
| (ঘ) বিলম্ব ফিস ছাড়া ভর্তি ফিস জমা দেওয়ার জন্য ভর্তির প্রয়োজনীয় মূল দলিলপত্রাদি ভর্তির শিক্ষাগত যোগ্যতা যাচাই করিবার জন্য একাডেমিক শাখায় পেশ করিবার শেষ তারিখ | ২৩/০৩/৮৬ ইং (বেলা ১ টার মধ্যে) |
| (ঙ) বিশ্ববিদ্যালয়ে দেয় ৫০/০০ (পঞ্চাশ) টাকা বিলম্ব ফিসসহ ভর্তি ফিস জমা দেওয়ার শেষ তারিখ | ২০/০৪/৮৬ ইং (বেলা ১ টার মধ্যে) |
| (চ) বিলম্ব ফিসসহ ভর্তি ফিস জমা দেওয়ার জন্য ভর্তির প্রয়োজনীয় দলিলপত্রাদি ভর্তির শিক্ষাগত যোগ্যতা যাচাই করিবার জন্য একাডেমিক শাখায় পেশ করিবার শেষ তারিখঃ | ১৭/০৪/৮৬ ইং (বেলা ১ টার মধ্যে) |

৪। ভর্তির প্রয়োজনীয় দলিলপত্রাদি প্রদান সম্পর্কিত তথ্যাবলীঃ

(ক) ভর্তি ফরমের সঙ্গে দুই কপি সত্যায়িত সাম্প্রতিক তোলা ফটো এবং এস, এস, সি ও এইচ, এস, সি উভয় পরীক্ষা পাশের প্রশংসাপত্রের সত্যায়িত কপি ও শিক্ষা বোর্ড কর্তৃক ইস্যুকৃত নম্বর ফর্দের সত্যায়িত কপিসমূহ জুড়িয়া দিতে হইবে। ইহা ছাড়াও রেজিস্ট্রেশন ফরমও পূরণ করিয়া ভর্তি ফরমের সঙ্গে সংযুক্ত করিয়া দিতে হইবে।

(খ) ভর্তির জন্য চূড়ান্তভাবে নির্বাচিত ছাত্র/ছাত্রীদিগকে তাহাদের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বা ইহার অনুমোদিত সমতুল্য পরীক্ষা পাশের মূল প্রশংসাপত্র এবং উভয় পরীক্ষার শিক্ষা বোর্ড কর্তৃক ইস্যুকৃত মূল নম্বর ফর্দ তাহাদের ভর্তির শিক্ষাগত যোগ্যতা যাচাই করিবার জন্য একাডেমিক শাখায় ভর্তির কাজে নিয়োজিত অফিস সহকারীকে অবশ্যই দেখাইতে হইবে। অন্যথা ভর্তি ফিস জমা দেওয়ার জন্য ভর্তি ফরম অগ্রণী ব্যাংকের বিশ্ববিদ্যালয় শাখায় প্রেরণ করা হইবে না এবং ভর্তিও করা হইবে না।

৫। ভর্তি সংক্রান্ত নিয়মাবলীঃ

নির্বাচিত ছাত্র/ছাত্রীকে সংশ্লিষ্ট বিভাগীয় চেয়ারম্যানের দপ্তরের নোটিশ বোর্ডে বা মূল ভর্তি ফরমের উপর প্রদত্ত সময়-সীমার মধ্যে ভর্তি ফিস জমা দিতে হইবে। অন্যথা তাহাদের ভর্তির নির্বাচন সরাসরি বাতিল হইয়া যাইবে এবং তৎস্থলে অন্য ছাত্র/ছাত্রীকে ভর্তি করা হইবে।

৬। ভর্তি সংক্রান্ত যাবতীয় বিস্তারিত নিয়মাবলী ও তথ্যাবলী সংশ্লিষ্ট বিভাগীয় চেয়ারম্যানের দপ্তর হইতে সংগ্রহ করা যাইবে।

(আবদুর রশীদ),
রেজিস্ট্রার

জি. সি—৩৫৫